



পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন

(বি.ই.এফ.আই এর অন্তর্ভুক্ত)

১৮এ ব্রাবোর্ণ রোড, কলকাতা-৭০০০০১

(রেজি নং -৪১৯৯)



তারিখ - ২১.০৮.২০১৮

ইস্তাহার নং - ০৭/২০১৮

ব্যাঙ্কের সকল কর্মচারীদের জন্য

কেরালার বন্যা দুর্গত মানুষদের প্রতি সাহায্যের আবেদন

প্রিয় সাথী,

এতদিনে আমরা সকলেই অবগত হয়েছি যে শতাব্দীর ভয়ংকরতম বন্যায় বিপর্যস্ত কেরালা। ১৪টি জেলার মধ্যে ১৩টি জেলা বন্যা কবলিত। ৫৬৪৫টি গ্রাম শিবিরে প্রায় ১০লক্ষ বন্যার্ত মানুষ আশ্রয় নিয়েছেন। মৃতের সংখ্যা ৩৫৭। জল সরতে শুরু হওয়ায় প্রতিদিনই মৃতের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

কেরালার পুনর্গঠনে প্রায় পঞ্চবার্ষিকী যোজনার সমান অর্থের প্রয়োজন। বিপুল সংখ্যায় পরিযায়ী শ্রমিক কেরালায় জলবন্দী হয়ে রয়েছেন। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ৬০০ কোটি সাহায্য প্রদানের ঘোষণা করা হয়েছে। দেশ বিদেশ থেকেও বহু মানুষ, বিভিন্ন প্রতিষ্ঠান ও সরকার কেরালার পুনর্গঠনে অর্থ সাহায্য করেছেন এবং অনেকে করে চলেছেন। বন্যার্ত মানুষদের উদ্ধারে স্থানীয় মৎসজীবীরা, ছাত্র-যুব সংগঠনের স্বেচ্ছাসেবকরা এবং নৌ, স্থল ও বিমান বাহিনীর মানুষদের ভূমিকাকে কুর্নিশ জানাতে হয়।

এই ভয়াবহ পরিস্থিতিতে দায়িত্বশীল ট্রেড ইউনিয়ন সংগঠন হিসেবে আমরা আমাদের যথাসম্ভব দায়িত্ব পালনে সচেষ্ট।

আমাদের ব্যাঙ্কের সকল কর্মচারীদের কাছে আমাদের বিনীত নিবেদন যে আপনারা প্রত্যেকে ন্যূনতম ১০০ টাকা করে কেরালার পুনর্গঠনে অর্থ সাহায্য করুন। আপনার দেয় অর্থ আপনি **PNBSU A/C NO.0100000128122665** এ জমা করুন।

অতীতে আপনারা যেভাবে এই ধরনের বিপর্যয়ে সহযোগিতা করেছেন, আমরা আশা করি এবারেও আপনারা যথায়থ দায়িত্ব পালনে সচেষ্ট হবেন।

সংগ্রামী অভিনন্দন সহ,

অনিমেষ সুর

(অনিমেষ সুর)

সম্পাদক